দৈনিক বাংলা ● 032

তারিখ 30 SEP 1987

পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

# সিন্ডিকেট ঢাকা ভার্সিটির ১১ জন ছাত্রকে বহিষ্কার করেছে

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ১১ জন ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করেছে। একই সঙ্গে তাদের অবাঞ্ছিতও ঘোষণা করা হয়েছে। ক্যাম্পাসে সন্ত্রাস সৃষ্টি, আইন-শৃংখলার পরিপন্থী কার্যকলাপ এবং শিক্ষক ও প্রশাসনের সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগে সিন্ডিকেট এ পদক্ষেপ নিয়েছে।

এছাড়া সিন্ডিকেট একজন ছাত্রকে দুই বছরের জন্যে বহিষ্কার এবং পাঁচজনকে ভবিষ্যতের জন্যে হুঁশিয়ার করে দিয়েছে। গতকাল সন্ধ্যায় সিন্ডিকেটের সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয় বলে বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

যে ১১ জন ছাত্রকে বহিষ্কার ও অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে: গোলাম ফারুক (অভি) অনার্স পরীক্ষার্থী সমাজ বিজ্ঞান বিভাগ রোল নং ম-৫২৯, আবু হাসান (শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## সিন্ডিকেট ঢাকা

(প্রথম পৃঃ পর)

(মুরাদ) দ্বিতীয় বর্ষ অনার্স রাষ্ট্রবিজ্ঞান বিভাগ রোল নং স-১২৩৭, আবু সাঈদ নাসিরউদ্দিন (শিপন) এমএ শেষ পর্ব ইতিহাস, রোল নং ম-১২২, সানাউল হক (নীরু) দর্শন বিষয়ে এম এ পরীক্ষায় অবতীর্ণ রোল নং ম-২৫০৮ এবং লাইব্রেরী সায়েন্স ডিপ্লোমার ছাত্র, শাহ-ই-আকরাম, তৃতীয় বর্ষ অনার্স রাষ্ট্রবিজ্ঞান বিভাগ রোল নং ম-১১৯০, শফিকুল ইসলাম (শফিক) প্রথম বর্ষ অনার্স মার্কেটিং বিভাগ রোল নং ম-২২০৬, মাহবুবুর রহমান খান (মাহবুব) রাষ্ট্রবিজ্ঞানে এম এস এস শেষ পর্বের পরীক্ষায় অবতীর্ণ রোল নং স-৯৩৯, আবদুল মালেক প্রথম বর্ষ অনার্স ব্যবস্থাপনা বিভাগ রোল নং ম-২৩৯৩, কামরুজ্জামান (রতন) অনার্স পরীক্ষার্থী ইতিহাস বিভাগ রোল নং ম-৫৪০, বজলুর রহমান খান (শহীদ) এম এ শেষ পর্ব ইতিহাস রোল নং স-১৯২৬ এবং ইলিয়াস আলী প্রথম বর্ষ এম কম ফিন্যান্স বিভাগ রোল নং জ-১৬০।

দুই বছরের জন্যে যাদের বহিষ্কার করা হয়েছে: গোলাম মোর্তজা ডিপ্লোমা গ্রন্থাগার বিজ্ঞান বিভাগ রোল নং স-১১১। বিশ্ববিদ্যালয়ের আইন শৃংখলা পরিপন্থী কোন কাজে ভবিষ্যতে অংশগ্রহণ না করার জন্যে যে পাঁচজন ছাত্রকে সতর্ক করে দেয়া হয়েছে: কামরুজ্জামান চৌধুরী (বাবু) এম বি এ শেষ পর্ব রোল নং স-২১, খান এ মীর্জা মাসুদ (জুয়েল) প্রথম বর্ষ অনার্স ব্যবস্থাপনা রোল নং স-১২৮৫, হাসিবুর রহমান (মুকুর) তৃতীয় বর্ষ অনার্স ব্যবস্থাপনা বিভাগ রোল নং ম-২২০২, নাজিমুদ্দিন (আলম) ডিপ্লোমা গ্রন্থাগার বিজ্ঞান বিভাগ রোল নং ম-১১৮ এবং ইকবাল হোসেন মাস্টার অব ডেমোগ্রাফী রোল নং স-১৮।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টি, আইন-শৃংখলা পরিপন্থী কার্যকলাপ ইত্যাদি অভিযোগের তদন্ত করার জন্যে গত জুলাই মাসে একটি তদন্ত কমিটি গঠন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রেস রিলিজে জানানো হয়, কমিটি সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে কয়েকজন ছাত্রকে তাদের বিরুদ্ধে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে আত্মপক্ষ সমর্থনের সুযোগ হিসাবে শো-কজ করে। অভিযোগ এবং প্রাপ্ত উত্তর বিবেচনার পর ডিসিপ্লিনারী কমিটি সিন্ডিকেটের নিকট উপরোক্ত সুপারিশ করে। গতকালের সিন্ডিকেট সভায় ডিসিপ্লিনারী কমিটির সুপারিশ অনুমোদন করা হয়। অভিযোগ প্রমাণিত না হওয়ায় দুইজনের বিরুদ্ধে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়নি। সভায় ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের যে কোন ধরনের শৃংখলা ভঙ্গের জন্য বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্যে প্রশাসনের প্রতি অনুরোধ জানানো হয়।